



আন্তর্জাতিকভাবে স্বীকৃত IT সার্টিফিকেশন (ITEE) লাভের সুযোগ

তথ্য প্রযুক্তির আকর্ষণীয় কিন্তু প্রবল প্রতিযোগিতামূলক বিশ্ব বাজারে দক্ষ আইটি পেশাজীবীদের ব্যাপক চাহিদা বিদ্যমান। সেখানে স্থান করে নিতে আন্তর্জাতিক মানসম্পন্ন আইটি সার্টিফিকেশন বিশেষ সহায়ক। দেশের আইটি গ্রাজুয়েট ও পেশাজীবীদের জন্য ২০১৩ সালে বাংলাদেশ সরকার এ রকম আন্তর্জাতিক সার্টিফিকেশন অর্জনের সুযোগ সৃষ্টি করেছে। এ সার্টিফিকেশন পরীক্ষার নাম IT Engineers Examination (ITEE)। এ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সার্টিফিকেট পাবেন, যা দেশে বিদেশে আইটি'র সম্মানজনক কর্মসংস্থানে সহায়ক।

২. **পরীক্ষা পদ্ধতিঃ** ITEE পরীক্ষার মোট ৪টি স্তর রয়েছে। বাংলাদেশে নিম্নলিখিত দু'টি স্তরের পরীক্ষা পরিচালনা করা হয়ঃ

(ক) **Level -1: IT Passport (IP)** – IT ব্যবহারকারীদের প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা পরিমাপক। আন্তর্জাতিক স্বীকৃতি লাভের জন্য IT -র যে কোন ব্যবহারকারী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেন।

(খ) **Level -2: Fundamental IT Engineer Examination (FE)** - IT পেশাজীবী হিসেবে ক্যারিয়ার গড়তে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা পরিমাপক পরীক্ষা। আইটি (সিএসই) গ্রাজুয়েট ও পেশাজীবীদের আন্তর্জাতিক স্বীকৃতি এবং কর্মসংস্থানের জন্য কার্যকর। Level -2 পরীক্ষার দু'টি পর্ব (১) Morning এবং (২) Afternoon। সার্টিফিকেট প্রাপ্তির জন্য দু'টি পর্বেই উত্তীর্ণ হতে হবে। তবে কেউ এ পরীক্ষায় অংশগ্রহণ করে, যে কোন একটি পর্বে উত্তীর্ণ হলে, তাঁকে অবশ্যই পরবর্তী এক বছরের মধ্যে অনুষ্ঠিত অপর পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩. **পরীক্ষার সময়সূচিঃ**

পরীক্ষার তারিখ	Level-1: IP	Level-2: FE	
		Morning	Afternoon
২৪ এপ্রিল ২০১৬	সকাল ৯:৩০ হতে দুপুর ১২:১৫	সকাল ৯:৩০ হতে দুপুর ১২:০০	দুপুর ১:৩০ হতে অপরাহ্ন ৪:০০

৪. **পরীক্ষার ভেন্যুঃ** ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা।

৫. **রেজিস্ট্রেশনঃ** আগামী ৩০ মার্চ ২০১৬ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে www.bditec.gov.bd রেজিস্ট্রেশন করা যাবে। **রেজিস্ট্রেশন ফি:** Level -1(IP) এর জন্য ১০২ (একশত দুই) টাকা, Level -2 (FE) র জন্য ২০৪ (দুইশত চার) টাকা।

৬. **পরীক্ষার বইঃ** Level-2 পরীক্ষার জন্য FE Exam Preparation Book (Vol.1 & 2) এর মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা কেন্দ্র থেকে বই সংগ্রহ করা যাবে। এছাড়াও অনলাইনে bKash এর মাধ্যমে বই এর মূল্য পরিশোধ করলে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বই প্রেরণ করা হবে (কুরিয়ার চার্জ প্রযোজ্য)।